

মুক্তিযুদ্ধ নিয়ে ‘জ্যাজ সিটি’ সিরিজে অভিনয়ে আরিফিন শুভ, শুটিং শুরু কলকাতায়

written by Chandradip News24 | November 10, 2024

কলকাতার জনপ্রিয় নির্মাতা সৌমিক সেন মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে নতুন ওয়েব সিরিজ ‘জ্যাজ সিটি’ নিয়ে হাজির হচ্ছেন। এই সিরিজের কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছেন ঢালিউডের সুপারস্টার আরিফিন শুভ। গতকাল শুক্রবার সিরিজটির শুটিংয়ে যোগ দিতে কলকাতায় পৌঁছান শুভ এবং আজ শনিবার থেকে শুটিংয়ে অংশ নিয়েছেন। তার বিপরীতে অভিনয় করছেন টলিউডের অভিনেত্রী সৌরসেনী মিত্র।

সিরিজটির শুটিং চলবে আগামী বছরের ফেব্রুয়ারি পর্যন্ত। বিশেষত

বাংলাদেশে মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে নির্মিত হলেও, এর শুটিং বাংলাদেশে করা হবে না। শুটিং হবে শুধুমাত্র ভারতের বিভিন্ন লোকেশনে। সিরিজটিতে শুভ-সৌরসেনী ছাড়াও টলিউড ও বলিউডের বেশ কিছু খ্যাতনামা শিল্পী যুক্ত হয়েছেন।

‘জ্যাজ সিটি’ নির্মিত হচ্ছে সনি লিভ ওয়েব প্ল্যাটফর্মের জন্য। সিরিজটিতে ইংরেজি-সহ বিভিন্ন ভাষার গান অন্তর্ভুক্ত করা হয়েছে, যা দর্শকদের জন্য এক নতুন অভিজ্ঞতা তৈরি করবে।

এর আগে সৌমিক সেনের লেখা চিত্রনাট্যে নির্মিত ‘জুবিলি’ সিরিজ ব্যাপক সাড়া ফেলেছিল। বিক্রম মোতওয়ানের পরিচালনায় এতে অভিনয় করেছিলেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, অদিতি রাও হায়দারি, অপারশক্তি খুরানা, রাম কাপুর প্রমুখ।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম